

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৩, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ ভাদ্র ১৪৩০/ ৩১ আগস্ট ২০২৩

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.২২.১৯৫—সাবেক ধর্মমন্ত্রী ও বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মতিউর রহমান গত ২৭ আগস্ট ২০২৩ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর।

০২। অধ্যক্ষ মতিউর রহমান পেশাগত জীবনের পাশাপাশি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক মতাদর্শ ধারণ করে বাংলাদেশ আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত হন। বঙ্গবন্ধুর আদর্শিক নেতৃত্বে উজ্জীবিত হয়ে তিনি ছেফট্রির ছয় দফা আন্দোলন, উনসত্তরের গণআন্দোলন এবং একাত্তরের মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মতিউর রহমানের নেতৃত্বে মুক্তিযুদ্ধের সময় মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষক ও সংগঠকের দায়িত্ব পালন করেন। তিনি মুক্তিযুদ্ধে অবদানের স্বীকৃতিস্বরূপ ২০২২ সালে একুশে পদকে ভূষিত হন।

০৩। অধ্যক্ষ মতিউর রহমান বাংলাদেশ আওয়ামী লীগ সরকারের ২০১৪-২০১৮ মেয়াদে ধর্মমন্ত্রীর দায়িত্ব পালন করেন। এ ছাড়া তিনি ময়মনসিংহ সদর আসন হতে ১৯৮৬ ও ২০০৮ সালে সংসদ সদস্য নির্বাচিত হন। বর্ষীয়ান এই নেতা বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের অন্যতম সদস্য ছিলেন।

০৪। অধ্যক্ষ মতিউর রহমানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৩ ভাদ্র ১৪৩০/২৮ আগস্ট ২০২৩ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

০৫। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন  
মন্ত্রিপরিষদ সচিব

( ১১৩৫৭ )  
মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৩ ভাদ্র ১৪৩০  
ঢাকা: ২৮ আগস্ট ২০২৩

সাবেক ধর্মমন্ত্রী ও বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মতিউর রহমান গত ২৭ আগস্ট ২০২৩ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮১ বছর।

জনাব মতিউর রহমান ১৯৪২ সালে ময়মনসিংহ সদর উপজেলার আকুয়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি আকুয়া মডেল প্রাইমারি স্কুল হতে প্রাথমিক এবং ময়মনসিংহ মৃত্যুঞ্জয় স্কুল হতে ম্যাট্রিকুলেশন পাস করেন। তিনি ১৯৬১ সালে ইন্টারমিডিয়েট এবং ১৯৬৪ সালে আনন্দমোহন কলেজ হতে বিএসসি পাস করেন। জনাব মতিউর রহমান ১৯৬৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন।

বর্ণাঢ্য কর্মময় জীবনের অধিকারী জনাব মতিউর রহমানের কর্মজীবন শুরু হয় শিক্ষকতার মধ্য দিয়ে। প্রারম্ভিক পর্যায়ে তিনি জামালপুর জেলার নান্দিনা কলেজ এবং পরবর্তী সময়ে ময়মনসিংহের নাসিরাবাদ কলেজে প্রাণিবিদ্যায় শিক্ষকতা করেন। তিনি ময়মনসিংহ কলেজের খণ্ডকালীন শিক্ষকও ছিলেন।

জনাব মতিউর রহমান পেশাগত জীবনের পাশাপাশি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক মতাদর্শ ধারণ করে বাংলাদেশ আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত হন। বঙ্গবন্ধুর আদর্শিক নেতৃত্বে উজ্জীবিত হয়ে তিনি ছেচট্রির ছয় দফা আন্দোলন, উনসত্তরের গণআন্দোলন এবং একাত্তরের মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মতিউর রহমানের নেতৃত্বে মুক্তিযুদ্ধের সময় মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষক ও সংগঠকের দায়িত্ব পালন করেন। তিনি মুক্তিযুদ্ধে অবদানের স্বীকৃতিস্বরূপ ২০২২ সালে একুশে পদকে ভূষিত হন।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আস্থাভাজন অধ্যক্ষ মতিউর রহমান ধর্মীয় সংকীর্ণতার বিপরীতে জনমনে অসাম্প্রদায়িক চেতনা সঞ্চারণে কাজ করে গেছেন। ধর্মমন্ত্রী হিসাবে ধর্মীয় মৌলবাদ ও সম্ভ্রাসবিরোধী গণসচেতনতা বৃদ্ধির পাশাপাশি সকল ধর্মীয় সম্প্রদায়ের কল্যাণ ও উন্নয়নের মধ্য দিয়ে অসাম্প্রদায়িক বাংলাদেশ বিনির্মাণেই নিহিত ছিল তাঁর নিরন্তর প্রয়াস।

অধ্যক্ষ মতিউর রহমান বাংলাদেশ আওয়ামী লীগ সরকারের ২০১৪-২০১৮ মেয়াদে ধর্মমন্ত্রীর দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি ময়মনসিংহ সদর আসন হতে ১৯৮৬ ও ২০০৮ সালে সংসদ সদস্য নির্বাচিত হন। বর্ষীয়ান এই নেতা বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের অন্যতম সদস্য ছিলেন।

আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের অন্যতম সদস্য জনাব মতিউর রহমানের মৃত্যুতে বাংলাদেশ একজন দেশপ্রেমিক রাজনীতিবিদ ও নিবেদিতপ্রাণ কর্মীকে হারাল।

মন্ত্রিসভা জনাব মতিউর রহমানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
ব্রেনজন চান্দুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd